

BENGALI

Mr. Diijon DaCosta, Sr., বোর্ড সভাপতি

Mrs. Deirdre P. Pierce, সহ-সভাপতি

Mrs. Anna Hill

Mrs. Whitney McGinniss

Ms. Allyson Gevertz

Mrs. Vickie B. Turner

Dr. Joyce Morley



Dr. Devon Horton, সুপারিনটেন্ডেন্ট

13 অক্টোবর, 2023

প্রিয় DeKalb County School District-এর পরিবারবর্গ,

মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক ঘটনাবলীর কারণে উদ্বেগ ও আবেগের সময়ে আমি আজ আপনাদেরকে লিখছি। আমরা সবাই এই ভয়ঙ্কর নৃশংসতার প্রভাবের সাথে লড়াই করছি বলে আমি আমাদের স্কুল ডিস্ট্রিক্ট পরিবারের সবার কাছে পৌঁছে আশ্বস্ত করার এবং এই চ্যালেঞ্জিং সময়ে ঐক্য ও সতর্কতার গুরুত্বের উপর জোর প্রদানের আশা করছি।

DeKalb County School District (DCSD)-এর প্রতিটি স্কুল, কেন্দ্র এবং সম্পত্তিতে আমাদের শিক্ষার্থী, কর্মী, পরিবার এবং কমিউনিটির নিরাপত্তা এবং মঙ্গল সবচেয়ে গুরুত্বপূর্ণ সেই লক্ষ্য সামনে রেখে আমি এ বিষয়টি গুরুত্বের সাথে নেব যে, আজ পর্যন্ত বিদেশের দুঃখজনক ঘটনাসমূহের সাথে সম্পর্কিত বিষয়ে আমাদের স্কুলগুলোতে কোনো নির্দিষ্ট হুমকি বা সহিংসতার রিপোর্ট করা হয়নি।

তা সত্ত্বেও, আমরা অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছি। আমাদের DCSD পুলিশ অফিসার, ক্যাম্পাসের নিরাপত্তা কর্মী, স্কুল প্রশাসক এবং কর্মীদের এসব ইভেন্টের সাথে সম্পর্কিত যেকোনো সম্ভাব্য হুমকি বা মারামারি শনাক্তকরণ এবং তদন্তের ক্ষেত্রে বিশেষভাবে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

তবুও, এটি হতে হবে সম্মিলিত প্রচেষ্টা। আমরা বিচ্ছিন্নভাবে নিরাপত্তা অর্জন করতে পারি না, তাই আমরা কমিউনিটির তরুণ এবং বৃদ্ধ উভয় ধরনের সমস্ত সদস্যকেই আমাদের "কিছু দেখুন, কিছু বলুন" প্রচারাভিযানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে উৎসাহিত করি। আপনি বা আমাদের শিশু আমাদের স্কুলের ভিতরে বা আশেপাশে, এমনকি আমাদের এলাকায় কোনো অনিরাপদ পরিস্থিতি দেখলে বা সন্দেহ করলে আমরা আপনাকে অবিলম্বে সে বিষয়ে আমাদের কর্মীদের সতর্ক করার জন্য অনুরোধ করছি। এই প্রচেষ্টায় আপনার অংশগ্রহণ আমাদের সফল সামগ্রিক নিরাপত্তা কৌশলের জন্য অপরিহার্য।

আমরা সবসময় বিশ্বাস করি যে, আমাদের স্কুল এবং পরিবারসমূহের মধ্যে যোগাযোগের খোলা লাইন গুরুত্বপূর্ণ। আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে বা আরও তথ্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুল প্রশাসকদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

এই অনিশ্চিত সময়ে আসুন, আমরা আমাদের সর্বোচ্চ, সবচেয়ে পবিত্র অগ্রাধিকার হিসাবে আমাদের শিক্ষার্থী, কর্মী, পরিবার এবং কমিউনিটির অংশীদারদের নিরাপত্তা ও সুরক্ষা বজায় রাখতে ঐক্যবদ্ধভাবে দৃঢ়-প্রতিজ্ঞ হই। আপনাদের অবিচ্ছিন্ন সহায়তা এবং সহযোগিতার জন্য আপনাদেরকে ধন্যবাদ। আমরা সবাই সর্বোত্তমভাবে নিশ্চিত করব যে, আমাদের স্কুলগুলো জানার, বিকাশের এবং অগ্রগতির জন্য নিরাপদ আশ্রয়স্থল হিসাবে থাকবে।

আপনার একান্ত,

Dr. Devon Q. Horton, সুপারিনটেন্ডেন্ট

DeKalb County School District